# খাগড়াছড়ির ধর্ষণ ঘটনা ব্যবহারে অশান্তি ছড়াতে চায় ইউপিডিএফ: সেনা কর্মকর্তা




সংগৃহীত ছবি

খাগড়াছড়িতে সম্প্রতি ঘটে যাওয়া ধর্ষণের ঘটনা ব্যবহার করে পার্বত্য অঞ্চলে অস্থিতিশীলতা সৃষ্টি করতে চায় ইউপিডিএফ, জানিয়েছেন সেনাবাহিনীর খাগড়াছড়ি রিজিওন কমান্ডার। তিনি আশঙ্কা প্রকাশ করেছেন, এর প্রভাব তিন পার্বত্য জেলায়ও পড়তে পারে। পাশাপাশি উল্লেখ করেছেন, জাতীয় নির্বাচনসহ দেশের গুরুত্বপূর্ণ বিষয়কে ব্যাহত করার জন্য এ ধরনের পরিকল্পিত ঘটনা ঘটানো হচ্ছে।

মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) সকালে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে ব্রিগেডিয়ার জেনারেল হাসান মাহমুদ বলেন, খাগড়াছড়ির ধর্ষণ ঘটনার ঘটনাকে কেন্দ্র করে ইউপিডিএফ পাহাড়ে অশান্তি ছড়ানোর চেষ্টা করছে। তিনি সতর্ক করেছেন, এই অশান্তির রেশ পার্বত্য চট্টগ্রামের আরও তিন জেলায় পড়তে পারে।

সেনা কর্মকর্তা আরও বলেন, পার্বত্য চট্টগ্রামকে অস্থিতিশীল করার এই চেষ্টা একটি বৃহৎ পরিকল্পনার অংশ। জাতীয় নির্বাচনের মতো দেশের গুরুত্বপূর্ণ বিষয়কে ব্যাহত করতে ইউপিডিএফ এই ধরনের ঘটনার পরিকল্পনা করছে।

LENS ASIA

তিনি সাম্প্রতিক ঘটনাগুলোকে পূর্ব পরিকল্পিত উল্লেখ করে বলেন, বহিরাগত সন্ত্রাসীদের ব্যবহার করে তুচ্ছ ঘটনাগুলোকে কেন্দ্র করে পুরো শহরে সংঘর্ষে লিপ্ত হওয়ার চেষ্টা করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার পরও গুইমারায় সংঘর্ষের ঘটনা ঘটেছে।

এদিকে, খাগড়াছড়িতে তৃতীয় দিনের মতো ১৪৪ ধারা বলবৎ রয়েছে। শহরে ঢোকা বা বের হওয়া প্রত্যেককে তল্লাশি করতে হচ্ছে। যদিও জুম্ম ছাত্র-জনতার অবরোধ কিছুটা শিথিল থাকলেও অভ্যন্তরীন বা দূরপাল্লার গাড়ি চলাচল বন্ধ রয়েছে। এছাড়া, খাগড়াছড়ি ও রামগড়ে হামলা, ভাঙচুর এবং বিজিবির ওপর হামলার ঘটনায় এখনও কোনো মামলা হয়নি।